তারিখ ... 14 AUG 2017 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৫ ...

যুগান্তর

# ঢাবির অধিভুক্ত ৭ কলেজের মাস্টার্স পরীক্ষার সময়সূচি ঘোষণা

## ছবি সংশোধনের সুযোগ পাচ্ছে ঢাবিতে ভর্তিচ্ছুরা

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত ৭টি কলেজের ২০১৩-১৪ শিক্ষাবর্ষের এমএ, এমএসএস,
এমএসসি ও এমবিএস শেষ পর্ব (নতুন ও পুরনো সিলেবাস অনুযায়ী) পরীক্ষার সময়সূচি
ঘোষণা করা হয়েছে। সময়সূচি অনুযায়ী আগামী ১০ সেপ্টেম্বর রোববার পরীক্ষা শুরু হবে।
শেষ হবে আগামী ৩১ অক্টোবর মঙ্গলবার। পরীক্ষা আরম্ভ হবে দুপুর ২টায়। পরীক্ষার
সময়কাল প্রশ্নপত্রে উল্লেখ করা থাকবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দফতর থেকে
এসব তথ্য জানানো হয়েছে। ঢাকা কলেজ, ইডেন কলেজ, বেগম বদরুন্নেছা কলেজ, শহীদ
সোহরাওয়ার্দী কলেজ, কবি নজরুল সরকারি কলেজ, তিতুমীর কলেজ ও বাঙলা কলেজের
পরীক্ষার্থীদের পরীক্ষার পূর্ণাঙ্গ সময়সূচি জানার জন্য নিজ নিজ কলেজে যোগাযোগ করতে
হবে। ব্যবহারিক পরীক্ষার স্থান, তারিখ ও সময় পরে জানানো হবে। পরীক্ষার্থীদের প্রবেশপত্র
নিজ নিজ কলেজের অধ্যক্ষ কর্তৃক মনোনীত প্রতিনিধির মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা
নিয়ন্ত্রকের অফিস থেকে সংগ্রহ করতে হবে।

ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ইস্যুকৃত প্রবেশপত্র ছাড়া কোনো পরীক্ষার্থীকে পরীক্ষার হলে প্রবেশ
করতে দেয়া হবে না। পরীক্ষা চলাকালীন পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন ও যে কোনো প্রকার
ইলেকট্রনিক্স ডিভাইস বহন করা সম্পূর্ণ নিষিদ্ধ। অধিভুক্ত ৭টি কলেজের পরীক্ষার কেন্দ্রগুলো
হল— বেগম বদরুন্নেছা কলেজ, শহীদ সোহরাওয়ার্দী কলেজ ও কবি নজরুল সরকারি
কলেজের পরীক্ষার কেন্দ্র ঢাকা কলেজ; ঢাকা কলেজের পরীক্ষার কেন্দ্র ইডেন কলেজ; ইডেন
কলেজের পরীক্ষা কেন্দ্র বেগম বদরুন্নেছা কলেজ; তিতুমীর কলেজের পরীক্ষার কেন্দ্র বাঙলা
কলেজ এবং বাঙলা কলেজের পরীক্ষার কেন্দ্র তিতুমীর কলেজ। উল্লেখ্য, পরীক্ষার
সময়সূচিতে কোনো অসঙ্গতি থাকলে সময়সূচি প্রকাশের পরপরই ঢাকা বিশ্ববিদ্যালয়ের
পরীক্ষা নিয়ন্ত্রকের সঙ্গে যোগাযোগ করার জন্য ওই দফতর থেকে অনুরোধ করা হয়েছে।

**ছবি সংশোধন করতে পারবে ঢাবিতে ভর্তিচ্ছুরা :** ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০১৭-১৮ শিক্ষাবর্ষে
প্রথম বর্ষ সম্মান শ্রেণীতে ভর্তির অনলাইন আবেদনপত্রে ছবির নির্দেশিকা যারা মানেনি তাদের
তা সংশোধনের নির্দেশ দিয়েছে ভর্তি কমিটি। এর জন্য শিক্ষার্থীদের পুনরায় ভর্তি ফি জমা
দিতে হবে। বিশ্ববিদ্যালয়ের ভর্তি নির্দেশিকা অনুযায়ী সব আবেদনকারীকে ভর্তি আবেদনের
সঙ্গে সংযুক্ত ছবির ব্যাকগ্রাউন্ড সাদা হওয়া বাঞ্ছনীয় ছিল। এক্ষেত্রে চোখ-কানসহ পূর্ণ
মুখমণ্ডল দৃশ্যমান হতে হবে। আবেদনকারীর ছবি দৈর্ঘ্য (লম্বায়) ৫৭৫-৬২৫ পিক্সেল এবং
প্রস্থ (চওড়া) ৪২৫-৪৭৫ পিক্সেলের মধ্যে হতে হবে। ছবির ফাইল অবশ্যই জেপিজি ফরম্যাটে
থাকতে হবে। ছবিটির ফাইলের সাইজ ১০০ কেবির মধ্যে হতে হবে। এছাড়া সংশোধনের-
আবেদনকারী শিক্ষার্থীদের অধিকাংশই ছবিতে নীল ব্যাকগ্রাউন্ড ব্যবহার করেছেন, কেউ কেউ
'সেলফি স্টাইলে' ছবি দিয়েছেন বলে সূত্র জানায়, যা আবেদন প্রক্রিয়ায় অযোগ্য।